কুষ্টিয়ায় ২৭ লাখ নকল বিড়ি জব্দ

কুষ্টিয়ায় সাতাশ লক্ষ পূণঃব্যবহৃত ব্যান্ডরোলযুক্ত মনোমহন বিড়ি জব্দ করেছেন রাজস্ব কর্মকর্তারা।
গত বুধবার দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে কুষ্টিয়ার জগশ্বর বাজার এলাকা থেকে এ বিড়িগুলো জব্দ করা হয়। কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কুষ্টিয়া সার্কেল-২ এর রাজস্ব কর্মকর্তা মোঃ নওশের আলী মুন্সী বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে আমরা জানতে পারি কিছু নকল বিড়ি বাজারজাত করা হচ্ছে। সেই সংবাদের ভিত্তিতে আমরা আগে থেকে নির্দিষ্ট স্থানে অবস্থান করি। আনুমানিক মধ্যরাতের দিকে নকল বিড়িবাহী পিকআপটি যখন জগশ্বর বাজার এলাকায় পৌঁছায় তখন আমরা পিকআপটি থামিয়ে বিড়িগুলো জব্দ করি এবং গাড়িসহ চালক ও হেলপারকে আটক করা হয়।

তিনি আরো জানান, আটককৃত বিড়িগুলোর বর্তমান বাজার মূল্য ১৯ লক্ষ ৪৪ হাজার টাকা। যা থেকে সরকারের রাজস্ব আদায় হতো ৮ লাখ ৭৪ হাজার ৮০০ টাকা। জব্দকৃত বিড়ি প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হচ্ছে ।

কুষ্টিয়ায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

কুষ্টিয়ায় ৮ম শ্রেণির এক ছাত্রীকে অপহরণ ও ধর্ষণ মামলায় ইয়াসিন মোল্লা নামের এক ব্যক্তিকে যাবজ্জীবন কারাদন্ড এবং একই সাথে দেড়লাখ টাকা জরিমানার আদেশ দিয়েছে আদালত।

গতকাল বৃহস্পতিবার (৫নভেম্বর) সকাল ১১ টায় কুষ্টিয়ার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালতের বিচারক মুন্সী মোঃ মশিয়ার

রহমান আসামির অনুপস্থিতিতে এ রায় ঘোষণা করেন। অভিযুক্ত আসামি পলাতক ইয়াসিন মোল্লা ঝিনাইদহ জেলার সদর উপজেলার খাজুরা এলাকার মৃত ইছাহক মোল্লার ছেলে ।

আদালত সূত্রে জানা যায়, ২০১৯ সালের ১৫ সেপ্টেম্বর কুষ্টিয়ার ভেড়ামারার মাফের আলী মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণীর ঐ ছাত্রীকে অপহরণ করে তাকে ধর্ষণ করে ইয়াসিন মোল্লা। এ ঘটনায় ভেড়ামারা থানায় মামলা দায়ের করে ভুক্তভোগী পরিবার।

ভেড়ামারা থানা পুলিশ তদন্ত শেষে ২০১৯ সালের ৩০ অক্টোবর ইয়াসিন মোল্লাকে একমাত্র অভিযুক্ত করে আদালতে চার্জশিট প্রদান করেন। দীর্ঘ সাক্ষ্যগ্রহণ ও যুক্তিতর্ক শেষে আদালত আজ রায় ঘোষণা করেন। মামলায় রাষ্ট্রপক্ষের আইনজীবি কুষ্টিয়া জজ কোর্টের পিপি(নারী ও শিশু) অ্যাড. আব্দুল হালিম রায়ের বিষয়টি নিশ্চিত করেছেন।

এ কেমন শত্রুতা! ধানের গাদায় আগুন

রাতের আঁধারে জমিতে ধানের গাদায় আগুন ধরিয়ে দিয়েছে দুর্বৃত্তরা। কুষ্টিয়ার মিরপুর উপজেলার ছাতিয়ান ইউনিয়নের গঙ্গাতলা মাঠে এ ঘটনা ঘটে।
বুধবার রাতের কোন এক সময় তার ধানের গাদায় আগুন লাগিয়ে দেওয়া হতে পারে।

পুলিশ জানায়, উপজেলার গঙ্গাতলা গ্রামের জিয়ারত আলী মাত্র সাত কাঠা জমি বর্গা নিয়ে ধান চাষ করেছিলেন। ধান কাটার পর বহনের গাড়ি না পেয়ে জমির পাকা ধান বাড়ি আনতে না পেরে মাঠেই গাদা করে রেখেছিলেন তিনি।

বৃহস্পতিবার সকালেই এই ধানগুলো তার বাড়িতে নেওয়ার কথা ছিলো। অথচ বুধবার রাতের আঁধারে তার ধানের গাদায় আগুন ধরিয়ে দেয় দুর্বৃত্তরা। এতে পুড়ে নষ্ট হয়ে গেছে পুরো ধানের গাদা।
নিজের কোন জমি না থাকায় অভাবের সংসারে মাত্র সাত কাঠা জমি বর্গা

নিয়ে ধান চাষ করেছিলেন কৃষক জিয়ারত আলী। সেই ধানও আগুনে পুড়ে গেছে।
পুলিশ ফাঁড়ির উপ-পরিদর্শক (এসআই) আবু তৈয়ব বলেন, শেষ সম্বল এই ৭ কাঠা জমির ধান পুড়ে ছাই হওয়াতে প্রায় হতভম্ব হয়ে গেছেন কৃষক জিয়ারত আলী। ধারণা করা হচ্ছে রাতের আঁধারে কেউ শত্রুতাবশত পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দিয়েছে।

মিরপুরে ছাত্রলীগ নেতার উপর হামলা

কুষ্টিয়ার মিরপুরে সন্ত্রাসী হামলার স্বীকার হয়েছেন জেলা ছাত্র লীগের সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক শামস সুমন। তিনি মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।
আহত শামস সুমন মিরপুর উপজেলা ছাত্রলীগের সভাপতি প্রার্থী ছিলেন। সে মিরপুর উপজেলার বলিদাপাড়া এলাকার মৃত: শমসের আলীর ছেলে।

জানা যায়, বুধবার রাত সাড়ে এগারোটার সময়ে বাড়ি ফেরার পথে মশান হাইস্কুলের পিছনে তার মোটরসাইকেল গতিরোধ করে পিটিয়ে জখম করে। এ সময় তার চিৎকারে স্থানীয়রা ঘটনাস্থলে আসলে তারা পালিয়ে যায়। তবে লাঠির আঘাতে মাথা ফেটে রক্তাক্ত হয়ে পড়লে স্থানীয়রা তাকে উদ্ধার করে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

এ ব্যাপারে মিরপুর থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

কুষ্টিয়ায় ফুটবল

চ্যাম্পিয়নশিপ-২০২০ এর উদ্বোধন

কুষ্টিয়ায় জেএফএ- অনূর্ধ্ব-১৪ জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশিপ-২০২০ এর উদ্বোধন করা হয়েছে।

বুধবার বিকালে কুষ্টিয়া জেলা ফুটবল এ্যাসোসিয়েশনের আয়োজনে বীব মুক্তিযোদ্ধা শেখ কামাল স্টেডিয়ামে এই খেলার উদ্বোধন করেন কুষ্টিয়া-৪ (কুমারখালী-খোকসা) আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ।

এ সময় তিনি বলেন, ফুটবল বিশ্বের সবচেয়ে জনপ্রিয় খেলা, এই খেলায় পুরুষ দের পাশাপাশি এখন নারীরাও অনেক গেছে। খেলা-ধুলার মাধ্যমে এক জন প্লেয়ার তার দেশকে বিশ্বের বুকে পরিচিত করতে পারে। তাই ছোট থেকেই আমাদের ছেলে-মেয়েকে পড়াশোনার সাথে সাথে খেলা-ধুুলায় আরও মনোযোগী করে গড়ে তুলতে হবে ।

জেলা ক্রীড়া সংস্থার সভাপতি ও জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক অনুপ কুমার নন্দী, জেলা ফুটবল এ্যাসোসিয়েশনের সভাপতি মকবুুল হোসেন লাবলু ও নির্বাহী সদস্য খন্দকার ইকবার মাহাম্মুদ।

জেলা ক্রীড়া সংস্থার অন্যান্য সদস্যগণ এ সময় উপস্থিত ছিলেন।

উদ্বোধনী দিনের খেলায় নড়াইল জেলা দল ৮-০ গোলে চুয়াডাঙ্গা জেলা দলকে এবং টাঙ্গাইল জেলা দল ১-০ গোলে ঝিনাইদহ জেলা দলকে পরাজিত করে।

খেলায় কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল, টাঙ্গাইল ও সাতক্ষীরা জেলা দল অংশ গ্রহণ করেছে।

পটল চাষ করে স্বাবলম্বী হচ্ছে মিরপুরের কৃষকরা

পটল চাষ করে ভাগ্যের চাকা ঘুরিয়েছেন কুষ্টিয়ার মিরপুর উপজেলার নওয়াপাড়া গ্রামের কৃষক জাহাঙ্গীর হোসেন।

কয়েক বছর আগেও কৃষি কাজ করে সংসার চালাতেন তিনি। তবুও তাদের সংসারে অভাব অনটন লেগেই থাকতো।

উপজেলা কৃষি অফিসের মাধ্যমে পটল চাষ বিষয়ক পরামর্শ এবং পটল চাষের উপর প্রশিক্ষণ নিয়ে এখন তিনি ঘুরে দাঁড়িয়েছেন। নিজের এক বিঘা জমিতে পটল চাষ করে দরিদ্র সংসারে এনেছে সচ্ছলতা। কৃষক জাহাঙ্গীর হোসেন তাঁর ভাতিজা তিতুমীর ও রাজিবুলকে সহযোগী হিসেবে সবসময়ই তার পাশে রাখেন।

বুধবার দুপুরে সরেজমিনে মাঠে গিয়ে দেখা যায়, কৃষক জাহাঙ্গীর হোসেন দুইজনকে সাথে নিয়ে পটল তোলায় ব্যস্ত। আরও একজন শ্রমিক পটল ক্ষেত পরিচর্যা করছেন। পটল চাষী জাহাঙ্গীর হোসেন জানান, তার এক বিঘা জমিতে পটল চাষে শ্রেণী ভেদে ২৫-৩০ হাজার টাকা খরচ হয়েছে। উৎপাদিত পটল বিক্রি করে এ পর্যন্ত ৭০ হাজার টাকা হয়েছে। সপ্তাহে দুইদিন প্রায় ৪ মন পটল তোলা হয় ক্ষেত থেকে। পাইকারি ব্যবসায়ীরা মাঠ থেকেই পটল নিয়ে যায়।

তবে ধান চাষে তেমন লাভ না হওয়ায় কৃষি অফিসারের পরামর্শে প্রথম বারের মতো পটল চাষ করেছি। এতে ভালো লাভ হচ্ছে। আগামীতে আরও বেশি জমিতে পটলের আবাদ করবো।
জাহাঙ্গীর হোসেনের মতো পৌরসভা ব্লকের যুগিপোল গ্রামের আরেক পটল চাষী রফিকুল ইসলাম জানান, এক সময় তাদের সংসারে অভাব-অনটন লেগেই থাকতো।

কিন্তু বর্তমানে পটল চাষ করে তার সংসারে সচ্ছলতা ফিরে এসেছে। তাদের ৩৩ শতক জমিতে পটল চাষ করে খরচ হয়েছে ৩০ হাজার টাকা। ইতোমধ্যে ৬০ হাজার টাকার বিক্রি করতে সক্ষম হয়েছে। তবে পটল চাষীদের অভিযোগ সুষ্ঠু বাজারজাত ব্যবস্থাপনা ও সংরক্ষণের সুযোগ না থাকায় এক শ্রেণীর অসাধু ব্যবসায়ীদের কাছে জিম্মি থাকতে হয় অনেক সময়।

উপ-সহকারী কৃষি অফিসার বিশ্বনাথ পাল বলেন, পটলের জমিতে সাধারণত: হেলেঞ্চা, দূর্বা, দণ্ডকলস এ সব আগাছার উপদ্রব দেখা যায়। এসব আগাছা জমি থেকে খাদ্য গ্রহণ করে পটল গাছকে দুর্বল করে দেয়, ফলে পটলের ফলন কমে যায়। তাই পটলের জমি সবসময় আগাছামুক্ত রাখা উচিত।

কৃষি সম্প্রসারণ অফিসার কৃষিবিদ সাবিহা সুলতানা বলেন, চলতি মৌসুমে মিরপুর উপজেলায় ২৫ হেক্টর জমিতে পটলের আবাদ হয়েছে। যা গত বছরের চেয়ে দ্বিগুণ। আমরা কৃষককদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে এবং নানান পরামর্শ প্রদান করে থাকি।

উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার ফরহাদ শরীফ বলেন, সুস্থ থাকার জন্য একজন মানুষের দৈনিক কমপক্ষে ২৩৫ গ্রাম সবজি খাওয়া প্রয়োজন। কিন্তু বাংলাদেশে উৎপাদিত সবজির মাথাপিছু দৈনিক গড় প্রাপ্যতা ৮২ গ্রাম। চাহিদার তুলনায় প্রাপ্যতার এই বিশাল ঘাটতি পূরণের জন্য দেশের সবজি উৎপাদন অবশ্যই বাড়ানো প্রয়োজন।

তিনি আরো বলেন মিরপুর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ জানান, পটল একটি জনপ্রিয় উচ্চ মূল্য সবজি। তবে সারা বছর ধরেই কম-বেশি পাওয়া যায়। অন্যান্য সবজির তুলনায় এর বাজার মূল্য তুলনা মূলক ভাবে বেশি থাকে। গ্রীষ্ম ও বর্ষাকালে বাজারে যখন সবজির ঘাটতি দেখা দেয় তখন পটল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বাংলাদেশের মোট সবজি চাহিদার প্রায় ২০ শতাংশ পটল পূরণ করে থাকে বলেও জানান তিনি। প্রযুক্তিগত দিক থেকে উত্তম কৃষি পদ্ধতি প্রয়োগ করে কৃষক জাহাঙ্গীর হোসেন বারি পটল -১ চাষ করে স্বাবলম্বী হয়েছেন।

কুষ্টিয়ায় আ্যম্বুলেস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ৫

জন নিহত

কুষ্টিয়ায় আ্যম্বুলেস ও বিএডিসির বীজবাহী ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলেই ৫ জন নিহত হয়েছে। এ ঘটনায় আরও একজন গুরুতর আহত হয়েছে। তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

মঙ্গলবার বিকেল ৩ টায় কুষ্টিয়া-খুলনা মহাসড়কের ইবি থানার লক্ষীপুরের ১১ মাইল নামক স্থানে এ ঘটনা ঘটে।

খবর পেয়ে স্থানীয়দের সহায়তায় পুলিশ, ফায়ার সার্ভিস কর্মীরা উদ্ধার তৎপরতা চালায়।

কুষ্টিয়া ফায়ার সার্ভিসের সিনিয়র স্টেশন অফিসার আলী সাজ্জাদ জানান, পাবনা মানসিক হাসপাতাল থেকে রোগী সুস্থ করে এ্যাম্বুলেন্সযোগে নড়াইলের লোহাগাড়ায় নিজ বাড়ীতে ফিরছিলেন। পথিমধ্যে ঝিনাইদহ থেকে কুষ্টিয়াগামী বিএডিসির বীজবাহী ট্রাকের সাথে এ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনাস্থলেই ৫ জন নিহত হয়। আহত একজনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেয়া হয়েছে।

কুষ্টিয়ায় বনফুডকে দুই লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ায় বনফুড কনফেকশনারি নামের এক প্রতিষ্ঠানকে ২ লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত । অস্বাস্থ্যকর পরিবেশ, পঁচা ও বাসি খাদ্য, ক্ষতিকর রং মেশানো এবং মেয়াদোত্তীর্ণ পণ্য রাখায় এ জরিমানা আদায় করা হয়।

সোমবার বিকালে শহরতলীর বাবর আলী গেট এলাকায় বনফুড কনফেকশনারিতে অভিযান পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সিফাত উদ্দীন।

তাকে সহায়তা করেন, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক কাজী রাকিবুল হাসান।

নির্বাহী ম্যাজিস্ট্রেট জানান, অভিযানে বনফুড কনফেকশনারিতে গিয়ে দেখা যায়, তাদের উৎপাদিত পণ্যের কোনটিতেই ব্যাচ নম্বর, মেয়াদোত্তীর্ণের তারিখ নেই। এছাড়াও ক্ষতিকর রং মেশানো, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য উৎপাদন ও মেয়াদোত্তীর্ণ উপাদান দিয়ে খাবার প্রস্তুতের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫৩, ৫২, ৪৮ ধারা সহ অন্যান্য ধারায় দুই লাখ টাকা জরিমানা করা হয়। একইসাথে মেয়াদবিহীন ঘি, ডালডা, মোরব্বা জনসম¥◌ুখে ধ্বংস করা হয়।

এসময় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ও জেলা স্যানেটারি ইন্সপেক্টর উপস্থিত ছিলেন ।

সম্প্রতি কুষ্টিয়া শহরের বাবর আলী গেট এলাকার বনফুড কনফেকশনারির বার্গার খেয়ে ২৫জন অসুস্থ হয়। তাদেরকে কুষ্টিয়া জেনারেল হাতপাতালে ভর্তি করা হয়।

এ ঘটনায় কুষ্টিয়া মডেল থানা পুলিশ বাদি হয়ে নিরাপদ খাদ্য আইনে একটি মামলা করে। সেই মামলায় বনফুড কনফেকশনারির মালিক জালাল আহমেদসহ আরও তিন কর্মচারীকে আটক করা হয়।

বাল্যবিবাহের অপরাধে কনের বাবা ও বরের জেল

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার সাতবাড়িয়া মন্ডলপাড়ার ৮ম শ্রেণির এক ছাত্রীকে বাল্য বিয়ে দেয়ার অপরাধে মেয়ের বাবা তারিফ রহমান (৪১) কে ৬ মাস ও বর আহাদুর রশিদ (২২)কে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

এছাড়াও মিথ্যা তথ্য দিয়ে বিভ্রান্ত করা ও বাল্যবিবাহে সহায়তা করার দায়ে মেয়ের ফুপুকে ৩০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

শুক্রবার বিকালে কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার সাতবাড়ীয়া মন্ডলপাড়া এলাকায় এ অভিযান পরিচালনা করেন ভেড়ামারা উপজেলা নির্বাহী

কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ।

তিনি জানান, উপজেলার সাতবাড়ীয়া মন্ডলপাড়া এলাকার মেজবান মন্ডলের মেয়ে ৮ম শ্রেণির ছাত্রী শাম্মী খাতুনের বাল্য বিয়ে হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।

এ সময় শাম্মী খাতুনের পরিবর্তে তারিন নামে এক প্রাপ্তবয়স্ক মেয়েকে সাজিয়ে কনে হিসেবে উপস্থাপন করে।

পরবর্তীতে বাল্যবিয়ে ও প্রতারণার বিষয়টি নিয়ে তারা দোষ স্বীকার করলে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ মোতাবেক মেয়ের বাবা তারিফ রহমানকে ৬ মাস এবং অপ্রাপ্ত বয়স্ক মেয়েকে বিয়ে করার অপরাধে একই উপজেলার জুনিয়দহ এলাকার এনামুর রশিদ বুলবুলের ছেলে আহাদুর রশিদকে একই আইনে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

এছাড়া মিথ্যা তথ্য দিয়ে বিভ্রান্ত করা ও বাল্যবিবাহে সহায়তা করার দায়ে একই আইনে মেয়ের ফুফু হানুকা খাতুনকে কে ৩০ হাজার টাকা অর্থদণ্ড করা হয়।

কুষ্টিয়ায় ক্যানেলের মাটি কেটে বিক্রির অপরাধে ৬ জনের কারাদণ্ড

কুষ্টিয়ায় পানি উন্নয়ন বোর্ডের সরকারী বাঁধের মাটি কেটে বিক্রি করার অপরাধে ৬ জনকে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

শনিবার বিকেলে সদর উপজেলার উজানগ্রাম ইউনিয়নের দুর্বাচরা গ্রামে অভিযান পরিচালনা করে তাদের আটক করা হয়।

অভিযানে নেতৃত্ব দেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ইউএনও জোবায়ের হোসেন চৌধুরী।

তিনি জানান, সদর উপজেলার উজানগ্রাম ইউনিয়নের দুর্বাচরা গ্রামে

পানি উন্নয়ন বোর্ডের সরকারী বাঁধের মাটি কেটে বিক্রি করা হচ্ছিল। এমন গোপন সংবাদের ভিত্তিতে আমরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে এর ঘটনার সত্যতা পাই। ঘটনাস্থল থেকে ৬ জনকে আটক করা হয়।

পরে ভ্রাম্যমাণ আদালতে কুষ্টিয়া সদর উপজেলার দহকুলা এলাকার শহর আলীর ছেলে ছাত্তার, একই এলাকার আরজান মন্ডলের ছেলে মোঃ রহিম, কুমারখালী উপজেলার বাঁশগ্রাম এলাকার খলিল শেখের ছেলে বশির ও তছির শেখ, হাসেন শেখের ছেলে বারিক এবং ডেটল শেখের ছেলে শিপন শেখকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুযায়ী প্রত্যেককে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

এছাড়াও অবৈধ মাটি বহনকারী দুইটি ট্রলি আটক করে পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী এর জিম্মায় দেয়া হয়।

পানি উন্নয়ন বোর্ড কুষ্টিয়ার উপবিভাগীয় প্রকৌশলী শামীম হাসনায়ন মাহমুদ জানান, ডি-১ বিকে খালের পাড়ে মাটি কেটে ট্রলি করে নিয়ে যাচ্ছিলো। খবর পেয়ে তাদের আটক করা হয়।

এসময় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।